**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪৬/২০১৭**

**ঢাকা, রোববার ৫ মার্চ ২০১৭, ২১ ফাল্গুন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সরকারের প্রচেষ্টায় দারিদ্র্য বিমোচন হয়েছে : প্রধানমন্ত্রী

২। কার্গো বিমান চলাচলে নিষেধাজ্ঞা প্রত্যাহার করুন : যুক্তরাজ্যের প্রতি প্রধানমন্ত্রী

৩। ছাত্র রাজনীতিকে সঠিক পথে পরিচালিত করতে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে : রাষ্ট্রপতি

৪। প্রধানমন্ত্রী তিন দিনের সফরে ইন্দোনেশিয়া যাচ্ছেন আগামীকাল

৫। দেশে আইএস নেই, মার্কিন প্রতিবেদন ভিত্তিহীন : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। রোগী জিম্মি করে ধর্মঘট সমর্থনযোগ্য নয় : স্বাস্থ্যমন্ত্রী

৭। মংলা বন্দর ব্যবহারে ব্যবসায়ীদের সহায়তার আশ্বাস নৌপরিবহণমন্ত্রীর

৮। বাংলাদেশ-যুক্তরাজ্য প্রথম কৌশলগত সংলাপ এ মাসেই

৯। বন্যপ্রাণী রক্ষায় নতুন প্রজন্মকে উৎসাহিত করতে হবে : পরিবেশমন্ত্রী

১০। ৮০০ কোটি টাকা ছাড়াল মোবাইলে দৈনিক লেনদেন : বাংলাদেশ ব্যাংকের তথ্য

## ১। সরকারের প্রচেষ্টায় দারিদ্র্য বিমোচন হয়েছে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ক্ষুদ্রঋণের জন্য নয়, সরকারের বহুমুখী পদক্ষেপের ফলে দেশে দারিদ্র্যের হার ২২ ভাগে নেমে এসেছে। দারিদ্র্য বিমোচন সম্ভব হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, ক্ষুদ্রঋণ ব্যবসায়ীরা দেশের দারিদ্র্য হ্রাস করতে চায় না। কারণ, তাহলে তাদের ব্যবসা বন্ধ হয়ে যাবে। তাদের কারণে দরিদ্রতা লালন-পালন হয়। তাদের (ক্ষুদ্রঋণের জমজমাট ব্যবসার) সময় দেশে দরিদ্রতার হার ছিল ৬০ শতাংশ। গতকাল ৪ মার্চ শনিবার রাজধানীর খামার বাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে মহিলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ.পৃ,ক.১), **সমকাল** (শেষ.পৃ, ক. ৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩, ক.২), **ডেইলি সান** (পৃ.১, ক.৭)।

## ২। কার্গো বিমান চলাচলে নিষেধাজ্ঞা প্রত্যাহার করুন : যুক্তরাজ্যের প্রতি প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা-লন্ডন (যুক্তরাজ্য) কার্গো ফ্লাইট চলাচলের সাময়িক নিষেধাজ্ঞা প্রত্যাহারের জন্য ব্রিটিশ সরকারের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, এই নিষেধাজ্ঞার ফলে বাংলাদেশি ব্যবসায়ীরা ব্যাপক ভোগান্তির শিকার হচ্ছেন। সফররত ব্রিটেনের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল বিষয়ক মন্ত্রী অলোক শর্মা গতকাল ৪ মার্চ শনিবার প্রধানমন্ত্রীর সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১, ক.১), **ইত্তেফাক** (পৃ.৩ ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.ক.১)।

## ৩। ছাত্র রাজনীতিকে সঠিক পথে পরিচালিত করতে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে : রাষ্ট্রপতি

দেশের ছাত্র রাজনীতির প্রতি সাধারণ শিক্ষার্থীদের সম্মান ও সমর্থন ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে বলে মন্তব্য করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল ৪ মার্চ শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫০তম সমাবর্তন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। ছাত্র রাজনীতির এ অবস্থা থেকে বেরিয়ে এসে রাজনীতিকে সঠিক পথে পরিচালিত করতে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন তিনি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে আয়োজিত এ সমাবর্তন অনুষ্ঠনে ৮০ জন কৃতী শিক্ষক ও শিক্ষার্থীকে ৯৪টি স্বর্ণপদক, ৬১ জনকে পিএইচডি এবং ৪৩ জনকে এমফিল ডিগ্রিসহ ১৭ হাজার ৮শ' ৭৫ জন গ্র্যাজুয়েটকে সনদ প্রদান করা হয়। সূত্র-**সংবাদ** (শেষ. পৃ, ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ. ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

## ৪। প্রধানমন্ত্রী তিন দিনের সফরে ইন্দোনেশিয়া যাচ্ছেন আগামীকাল

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইন্ডিয়ান ওসান রিম অ্যাসোসিয়েশন (আইওআরএ) এর ২০তম বার্ষিকী উপলক্ষে আয়োজিত নেতৃবৃন্দের শীর্ষ সম্মেলনে যোগ দিতে আগামীকাল ৬ মার্চ সোমবার তিন দিনের সরকারি সফরে ইন্দোনেশিয়ার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন। ভারত মহাসাগরের তীরবর্তী ২১টি দেশ নিয়ে আন্তর্জাতিক সংস্থা আইওআরএ গঠিত হয়েছে। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম জানান, প্রধানমন্ত্রী এবং তার সফরসঙ্গীদের বহনকারী বাংলাদেশ বিমানের ভিভিআইপি ফ্লাইট আগামীকাল সোমবার সকাল ৮টা ৪০ মিনিটে জাকার্তার উদ্দেশ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২, ক.২), **যুগান্তর** (শেষ.পৃ, ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১)।

চলমান পাতা/৩

**৫। দেশে আইএস নেই, মার্কিন প্রতিবেদন ভিত্তিহীন : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, বাংলাদেশে আইএস, আল-কায়েদা বা জঙ্গিদের কোনো অস্তিত্ব নেই। যারা আছে তারা হলো স্থানীয় সন্ত্রাসী। মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর বাংলাদেশে আইএস ও আল-কায়েদা আছে বলে যে প্রতিবেদন প্রকাশ করেছে তা ভিত্তিহীন। গতকাল ৪ মার্চ শনিবার ভোলার চরফ্যাশন সরকারি কলেজে নবনির্মিত একাডেমিক ভবন উদ্বোধন ও সুধী সমাবেশে যোগদান শেষে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১ ক.৪), **সংবাদ** (শেষ.পৃ, ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ,১ ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১ ক.১)।

**৬। রোগী জিম্মি করে ধর্মঘট সমর্থনযোগ্য নয় : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, রোগীকে জিম্মি করে কেউ ধর্মঘট করুক সে ডাক্তার হোক, শ্রমিক হোক যেই হোক না কেন এটা আমরা সমর্থন করি না। গতকাল ৪ মার্চ শনিবার চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পিপিপি'র অধীনে বাস্তবায়িত **৩১** শয্যা বিশিষ্ট কিডনি ডায়ালাইসিস সেন্টার উদ্বোধনকালে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১, ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ. ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ. ৩ ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩ ক.৭)।

**৭। মংলা বন্দর ব্যবহারে ব্যবসায়ীদের সহায়তার আশ্বাস নৌপরিবহণ মন্ত্রীর**

নৌপরিবহণ মন্ত্রী শাজাহান খান বলেছেন, মংলা বন্দর ব্যবহারে ব্যবসায়ীদের সব ধরনের সহযোগিতা দেওয়া হবে। এ অঞ্চলের উন্নয়নের স্বার্থে ব্যবসায়ীদের মংলা বন্দর ব্যবহারের পরামর্শ দেন তিনি। গতকাল ৪ মার্চ শনিবার খুলনা সার্কিট হাউস সম্মেলন কক্ষে মংলা বন্দর উপদেষ্টা কমিটির **১৩**তম সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, সরকার এ বন্দরকে কার্যকর করতে পাশের এলাকায় রিফাইনারি, গার্মেন্ট ও ভারী শিল্প নির্মাণের পরিকল্পনা নিয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৩, ক.৪), **ডেইলি সান** (পৃ.১৩ ক.৩)।

**৮। বাংলাদেশ-যুক্তরাজ্য প্রথম কৌশলগত সংলাপ এ মাসেই**

চলতি মাসেই ঢাকায় বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে পররাষ্ট্র সচিব পর্যায়ে কৌশলগত সংলাপ অনুষ্ঠিত হবে। গত **৩** মার্চ শুক্রবার ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সঙ্গে সফররত যুক্তরাজ্যের পররাষ্ট্র ও কমনওয়েলথ দপ্তরের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল বিষয়ক মন্ত্রী অলোক শর্মার বৈঠকে এ সিদ্ধান্ত হয়েছে। গতকাল পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠনো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩ ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১ ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২৪, ক.৪)।

**৯। বন্যপ্রাণী রক্ষায় নতুন প্রজন্মকে উৎসাহিত করতে হবে : পরিবেশমন্ত্রী**

বন ও পরিবেশ মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু বলেছেন, বন্যপ্রাণী রক্ষায় নতুন প্রজন্মকে উৎসাহিত করতে হবে। বন্যপ্রাণীকে টিকে থাকার জন্য মানুষের প্রয়োজন নেই, কিন্তু বন্যপ্রাণী না থাকলে মানুষের অস্তিত্ব বিলীন হয়ে যাবে। তাই মানুষকে সবুজে শ্যামলে প্রকৃতির সঙ্গে বাঁচতে বন্যপ্রাণী টিকিয়ে রাখার কোনো বিকল্প নেই। বিশ্ব বন্যপ্রাণী দিবস উপলক্ষে গতকাল ৪ মার্চ শনিবার রাজধানীর আগারগাঁওয়ে বন অধিদপ্তরে হৈমন্তী মিলনায়তনে এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে পরিবেশ মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ. ১৯ ক. ১), **ইত্তেফাক** (শেষ.পৃ, ক.৫), **সংবাদ** (পৃ.৪ ক.১)।

চলমান পাতা/৪

**১০। ৮০০ কোটি টাকা ছাড়াল মোবাইলে দৈনিক লেনদেন : বাংলাদেশ ব্যাংকের তথ্য**

দ্রুততম সময়ে এক স্থান হতে অন্য স্থানে টাকা পাঠানোর অন্যতম জনপ্রিয় মাধ্যম এখন মোবাইল ব্যাংকিং। ফলে প্রতিদিনই এ সেবায় যুক্ত হচ্ছেন হাজার হাজার গ্রাহক। সেই সঙ্গে বাড়ছে দৈনিক লেনদেনের পরিমাণও। বাংলাদেশ ব্যাংকের তথ্য মতে, চলতি বছরের জানুয়ারি মাসে প্রথমবার মোবাইল ব্যাংকিংয়ে দৈনিক লেনদেন ৮০০ কোটি টাকা ছাড়িয়েছে। সূত্র-**ভোরের কাগজ** (শেষ. পৃ, ক. ১), **ভোরের কাগজ** (শেষ.পৃ, ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৮, ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের নির্মাণাধীন ড. ওয়াজেদ রিসার্চ ইনস্টিটিউটের নির্মাণ কাজ নিরাপত্তার অভাব ও সন্ত্রাসীদের শাস্তির দাবিতে বন্ধ হয়ে যাওয়ার বিষয়টিকে গুরুত্বসহকারে বিবেচনায় নিয়ে অবিলম্বে যথাযথ পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

খ. **সংবাদ :** পরিবহণ ধর্মঘটে সহিংসতার জন্য দায়ীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার আহ্বান।

গ. **প্রথম আলো :** বাংলাদেশের ১৪ কোটি মানুষ ইন্টারনেট-বঞ্চিত থাকার পরিপ্রেক্ষিতে সরকারকে এ ব্যাপারে এখনই কার্যকর পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

ঘ. **সমকাল:** ঢাকায় সিটিং সার্ভিসের নামে বাসের সংখ্যা বাড়ায় বিদ্যমান নৈরাজ্য তুলে ধরে রাজধানীতে প্রতারণামুক্ত উন্নত গণপরিবহণ ব্যবস্থা গড়ে তোলার প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **যুগান্তর :** অনতিবিলম্বে রাজধানীর সব ঝুঁকিপূর্ণ ভবন চিহ্নিত করে সেগুলো দ্রুত অপসারণ করার ওপর গুরুত্বারোপ।

চ. **ইনকিলাব :** সরকারি হাসপাতালে দালাল চক্রের দৌরাত্ম্য বন্ধে হাসপাতালগুলোতে প্রতিনিয়ত মনিটরিংয়ের কার্যকর ব্যবস্থা গ্রহণের পাশাপাশি অনিয়ম ও অবহেলার ঘটনা হলে দায়ী বক্তিদের আইনানুগ শাস্তির আওতায় আনার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** অবৈধ ব্লাড ব্যাংকের কারণে জনস্বাস্থ্য হুমকির মুখে পড়ায় যথাযথ কর্তৃপক্ষকে দেশের ব্লাড ব্যাংককে নিবিড় মনিটরিংয়ের আওতায় আনার আহ্বান।

জ. **ডেইলি সান :** অধিকাংশ সিসিটিভি নষ্ট থাকার উল্লেখ করে রাজধানীকে কার্যকর সিসিটিভি ক্যামেরা নেটওয়ার্কের অধীনে আনাসহ এর যথোপযুক্ত ব্যবহার নিশ্চিত করার সুপারিশ।

ঝ. **নিউ এজ, ডেইলি সান :** দেশে মোট মৃত্যুর ৬০ শতাংশ ঘটনা কিডনি রোগের কারণে ঘটায় স্বাস্থ্যকর জীবনব্যবস্থা সম্পর্কে ব্যাপক ও কার্যকর জনসচেতনতামূলক প্রচারণা চালানোর ওপর গুরুত্বারোপ।

ঞ. **ডেইলি স্টার :** সাভারের ট্যানারি শিল্প এলাকায় অতিদ্রুত সিইটিপি ব্যবস্থা কার্যকরভাবে চালু করা না হলে বুড়িগঙ্গার মতো ধলেশ্বরী নদীও অতিদ্রুত লবণ ও বর্জ্যে দূষিত হয়ে পড়ার আশঙ্কা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে পরিবহণ খাতে অরাজক পরিস্থিতি সৃষ্টি করে মানুষের জীবন ও সম্পদ নিয়ে কেউ যাতে রাজনৈতিক সুবিধা হাসিল করতে না পারে, তা নিশ্চিত করা সব রাজনৈতিক মহলের দায়িত্ব বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা'** শিরোনামের নিবন্ধে ফারহানা রহমান রূপকল্প ২০২১ বাস্তবায়নের অংশ হিসেবে নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে নেওয়া জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা গেলে আর্থসামাজিক অবস্থার উন্নয়ন ও টেকসইকরণের প্রায়োজনীয় পরিবেশ সৃষ্টি করা সম্ভব

বলে অভিমত প্রকাশ করেছেন।

#

সাহেলা/শুকলা/মরজিনা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা